গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(আইসিটি শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৯.৩৭.০২৪.২৫-১১১

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০৭ জুন, ২০২৬

বিষয় : বিভাগীয় ইনোভেশন টিমের সভার সিদ্ধান্তের আলোকে অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্র : ১। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহীর আইসিটি শাখার ০১ জুন, ২০২৬ তারিখের ০৫.৪৩.০০০০.০১৭.০২.০০১.২৬.১৯ নং স্মারক
২। ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার রাজশাহীর বিভাগীয় ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে বিভাগীয় কমিশনার কার্যালয়, রাজশাহীর সম্মেলন কক্ষে বিভাগীয় ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

এমতাবস্থায়, বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা

০৭.০৬.২০২৬

(উম্মে তাবাসসুম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
পাবনা
ফোন (অফিস): ০২৮৫৫৫৪২২০৮
ই-মেইল: adcictedu.pabna@gmail.com

বিভাগীয় কমিশনার
রাজশাহী বিভাগ
রাজশাহী

দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০১৯.৩৭.০২৪.২৫-১১১

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩
০৭ জুন, ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে
০১। জেলা প্রশাসক, পাবনা
০২। অফিস কপি

০৭.০৬.২০২৬

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
পাবনা

## গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন

| ক্রমিক | গৃহীত সিদ্ধান্ত | অগ্রগতির প্রতিবেদন |
|---|---|---|
| ০৩ | উপজেলা/জেলা পর্যায়ে গৃহীত সকল উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণ উদ্যোগের জেলাভিত্তিক তালিকা প্রস্তুত করে ২০২৫-২০২৬ অর্থ বছরের চলমান উদ্ভাবনী প্রকল্প নামে জেলা প্রশাসকগণের কার্যালয়ের ওয়েবপোর্টালের ইনোভেশন কর্নার নামে সাব মেনুতে আপলোড করতে হবে এবং সকল উদ্ভাবনী পাইলট প্রকল্পের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা/জেলা পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগের জেলা /উপজেলা ভিত্তিক তালিকা প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে এ কার্যালয়ের ওয়েবপোর্টালের ইনোভেশন কর্নারে একটি 'উদ্ভাবনী প্রকল্প' নামে সাব-মেনু তৈরি পূর্বক আপলোড করা হবে। এছাড়া সকল উদ্ভাবনী পাইলট প্রকল্পের শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ০৪ | গৃহীত উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উদ্ভাবনী উদ্যোগগুলো নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। এছাড়া জেলা উন্নয়ন সমন্বয় সভায় উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। |
| ০৫ | জেলা/উপজেলা ইনোভেশন টিম পুনঃগঠন করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিতকরণ এবং ত্রৈমাসিক ভিত্তিতে টিমের সভা আয়োজন নিশ্চিত করতে হবে। | জেলা/উপজেলা ইনোভেশন টিম পুনঃগঠন করে মন্ত্রিপরিষদ বিভাগকে প্রেরণপূর্বক বিভাগীয় কমিশনার, রাজশাহী বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়াও ত্রৈমাসিক ভিত্তিতে টিমের সভার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৬ | জেলা/উপজেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | জেলা/উপজেলা ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রতি বছর ৩১ জুলাই এর মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ নিজ ওয়েবসাইটে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৭ | উপজেলা/জেলা/বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভিন্ন দপ্তরের উদ্ভাবনী কার্যক্রমের বিষয়ে আলোচনা অব্যাহত রাখতে হবে এবং জেলা/উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরনের মেলার আয়োজন করা যেতেপারে। | উন্নয়ন সমন্বয় সভায় প্রতিটি বিভাগের উদ্ভাবনী কার্যক্রম নিয়ে নিয়মিত আলোচনা অব্যাহত রয়েছে এবং জেলা/উপজেলা পর্যায়ে বিভিন্ন ধরনের মেলার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৮ | উপজেলা/জেলা ও বিভাগীয় পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য এবং রিপোর্টসমূহ ১০০% হালনাগাদের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | জেলা পর্যায়ের নিজ দপ্তরসহ আওতাধীন প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিয়মিত হালানাগাদ করণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং রিপোর্ট ১০০% হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। |

০৭.০৬.২০২৬

(উম্মে তাবাসসুম)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
পাবনা
ফোন (অফিস): ০২৮৫৫৫৪২২০৮
ই-মেইল: adcictedu.pabna@gmail.com